

# বাংলাদেশ পাটকল করপোরেশন



BANGLADESH JUTE  
MILLS CORPORATION

সূত্র নং: ২৪.০৪.০০০০.২১০.০৭.১০১.১৪/১৬৮

তারিখ: ২৭/০৭/১৭

বরাবর,


.....  
.....  
.....  
.....

**বিষয়: বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের প্রোডাকশন সিস্টেম এবং প্রোডাক্টসমূহের ডকুমেন্টারী / ভিডিও চিত্র নির্মাণের জন্য স্যুটিংকৃত ডকুমেন্টসের পোষ্ট প্রোডাকশন কাজের জন্য দরপত্র আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ে অবগত করা যাচ্ছে যে, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের প্রোডাকশন সিস্টেম এবং প্রোডাক্টসমূহের ডকুমেন্টারী / ভিডিও চিত্র নির্মাণের জন্য স্যুটিংকৃত ডকুমেন্টসের পোষ্ট প্রোডাকশন (এ্যাডিটিং, গ্রাফিক, কালার থ্রেডিং, বিদেশি আর্টিস্ট এর ভয়েস ইত্যাদি) কাজের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরপত্র (আর এফ কিউ পদ্ধতিতে) আহ্বান করা যাচ্ছে।

## শর্তাবলী:

- ১। প্রতিষ্ঠানের ডকুমেন্টারী/ ভিডিও চিত্র তৈরির পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে (দরপত্রের সাথে প্রমানক দাখিল করতে হবে)।
- ২। দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৩। আগ্রহী দরদাতাগণকে আগামী ০১/০৮/১৭ তারিখ দুপুর ১২.০০টার মধ্যে বিজেএমসি'র জনসংযোগ বিভাগে রক্ষিত বক্সে নিজস্ব প্যাডে সিলগালা খামে দরপত্র দাখিল করতে হবে। ঐদিনই দুপুর ১২.৩০ মিনিটে উপস্থিত দরদাতাদের (যদি কেউ উপস্থিত থাকে) সম্মুখে দরপত্র খোলা হবে।
- ৪। কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রদানের ৭(সাত) দিনের মধ্যে বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের প্রোডাকশন সিস্টেম এবং প্রোডাক্টসমূহের ডকুমেন্টারী / ভিডিও চিত্র নির্মাণের জন্য স্যুটিংকৃত ডকুমেন্টসের পোষ্ট প্রোডাকশন কাজ সম্পন্ন করে বিজেএমসি কর্তৃপক্ষের সামনে উপস্থাপন করতে হবে।
- ৫। কাজ সম্পন্ন হওয়ার ০৩দিনের মধ্যে তিন কপি বিল ও তিন কপি চালান দাখিল করতে হবে। বিজেএমসি'র জনসংযোগ বিভাগ কর্তৃক কোয়ালিটি সার্টিফিকেট প্রদানের পর বিল পরিশোধ করা হবে।
- ৬। সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- ৭। শর্তে উল্লেখ নেই এমন যে কোন পরিস্থিতিতে বিজেএমসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
সীমা দাস

ব্যবস্থাপক (জনসংযোগ)

## অনুলিপি:

- ১। নোটিশ বোর্ড, বিজেএমসি, মতিঝিল
- ২। অফিস কপি।